ভেড়ামারায় ২৫০ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেপ্তার ১

কুষ্টিয়ার ভেড়ামারায় পুলিশের বিশেষ অভিযানে ২৫০টি ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ স্বপন ইসলাম (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

শনিবার (১৭ অক্টোবর) সকাল সাড়ে ৫টার দিকে ভেড়ামারা উপজেলার সাতবাড়িয়া ভাঙ্গাপোল এলাকায় মেসার্স আরিফ ট্রেডার্সের দোকানের সামনে পাকা সড়ক থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, কুষ্টিয়ার পুলিশ সুপার মো. আমিনুল ইসলামের সার্বিক দিকনির্দেশনায় এবং ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম শেখের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। গোপন সংবাদের ভিত্তিতে ভেড়ামারা থানার উপপরিদর্শক (এসআই) মো. মনোয়ার হোসেন সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে অভিযান চালিয়ে স্বপন ইসলামকে ২৫০টি ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেপ্তার করেন।

গ্রেপ্তার স্বপন ইসলাম কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার গাছের দিয়াড় এলাকার টলটলিপাড়ার বাসিন্দা মো. নজরুল ইসলামের ছেলে।

ভেড়ামারা থানার ওসি মো. শামীম শেখ বলেন, ২৫০টি ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ একজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গা উপজেলার মাদারহুদা গ্রামে ২৯০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করে পুলিশের হাতে তুলে

দিয়েছে স্থানীয় গ্রামবাসী।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৭টার দিকে মাদারহুদা গ্রামের ঈদগাহ মাঠের সামনে এ ঘটনা ঘটে। আটককৃতরা হলেন মাদারহুদা গ্রামের মোশারফ হোসেনের ছেলে হিরোন (২৬) এবং কেরামত আলীর ছেলে সবুজ হোসেন। স্থানীয়দের দাবি, তারা এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী।

জানা গেছে, সন্ধ্যার দিকে দুই যুবকের চলাফেরা সন্দেহজনক মনে হলে গ্রামবাসী তাদের আটক করে তল্লাশি চালায়। এসময় তাদের কাছ থেকে ২৯০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে স্থানীয়রা তাদের আটকে রেখে আলমডাঙ্গা থানা পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মাদকসহ দুইজনকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়।

এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

আলমডাঙ্গায় পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪০ (চল্লিশ) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও মাদক বিক্রয়ের নগদ টাকা উদ্ধারসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত ব্যক্তি আলমডাঙ্গা রেলস্টেশনপাড়ার বাসিন্দা রুবেল হোসেন (৩২)। তিনি আলমডাঙ্গা থানার ১০ মামলার আসামি বলে জানিয়েছে পুলিশ।

আলমডাঙ্গা থানা পুলিশের এসআই (নিঃ) আলমগীর হোসেন সঙ্গীয় ফোর্সসহ থানা এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। গোপন সংবাদের ভিত্তিতে বুধবার (৩১ ডিসেম্বর) রাত ৯টা ৩০ মিনিটে আলমডাঙ্গা স্টেশনপাড়াস্থ গণশৌচাগারের পশ্চিম পাশে পাকা রাস্তার

ওপর থেকে রুবেল হোসেনকে গ্রেফতার করা হয়।

জানা গেছে, গ্রেফতারকৃত রুবেল হোসেন আলমডাঙ্গা স্টেশনপাড়ার বাসিন্দা রেজাউল ইসলামের ছেলে। তিনি দীর্ঘদিন ধরে মাদক ব্যবসার সঙ্গে জড়িত এবং তার বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় ১০টি মামলা রয়েছে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল জানান, উদ্ধারকৃত আলামত জব্দ তালিকা মূলে জব্দ করা হয়েছে। এ ঘটনায় ধৃত আসামির বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা নম্বর-০১, তারিখ-০১/০১/২০২৬ খ্রি., ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ৩৬(১) ধারার সারণির ২৯(ক) অনুযায়ী মামলা রুজু করা হয়েছে। পরে তাকে আদালতে সোপর্দ করা হয়।

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে ট্যাপেন্টাডলসহ যুবক গ্রেফতার

আলমডাঙ্গায় সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে ১১২ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট, মাদক বিক্রির নগদ ৪ হাজার ৯৪ টাকা এবং একটি মোবাইল ফোনসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল রোববার রাত সাড়ে ১১টার দিকে আলমডাঙ্গা পৌরসভার রাধিকাগঞ্জ পশুহাটের টোল আদায় ঘরের প্রধান ফটকের সামনে থেকে তাকে আটক করা হয়।

থানা সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ ও সেনাবাহিনীর হারদী অস্থায়ী ক্যাম্পের সদস্যরা যৌথ অভিযান চালান। এসময় কুমারী ইউনিয়নের দুর্লভপুর গ্রামের আব্দুল মালেকের ছেলে তৌফিক (২০) কে ঘটনাস্থল থেকে আটক করা হয়। তার কাছ থেকে মাদকদ্রব্য ট্যাবলেট ছাড়াও নগদ অর্থ ও মোবাইল ফোন জব্দ করা হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুদুর রহমান বলেন,

“মাদকবিরোধী অভিযান অব্যাহত রয়েছে। আটক আসামির বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ৩৬(১) সারণির ২৯(ক) ধারায় মামলা রুজু করা হয়েছে।”

মাদকবিরোধী এই যৌথ অভিযানে স্থানীয় জনগণের মধ্যে স্বস্তি নেমে এসেছে বলে জানান থানা পুলিশ।

দর্শনায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ঈশ্বরচদ্রপুর গ্রামের সাগরকে (২৫) ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত সাগর দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আলমগীরের ছেলে।

জানাযায় গতকাল শুক্রবার (২১ জুন) রাত সাড়ে ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর স্কুল পাড়ায়। এ সময় দর্শনা থানার এসআই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ ৮০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ সাগরকে গ্রেফতার করে।

এ ঘটনায় গ্রেফতারকৃত আসামী ও পলাতক আসামী রাজ্জাকের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গা ৪ হাজার পিস

ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা ডিবি পুলিশ অভিযান চালিয়ে ৪ হাজার পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ মনিরকে (২৪) গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত মনির দর্শনা পৌরসভার দর্শনা বাসস্ট্যান্ড হাজী পাড়ার আবু বাক্কার ছেলে।

জানাযায় আজ মঙ্গলবার (২ এপ্রিল) সকাল সাড়ে ৭ টার দিকে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএমের নেতৃত্বে, ডিবি পুলিশের অফিসার ইনচার্জ, ফেরদৌস ওয়াহিদের সংবাদের ভিত্তিতে এস আই ওহিদুল ইসলাম, গোপন সংবাদের ভিত্তিতে মনিরকে গ্রেফতার করে। চুয়াডাঙ্গা সদর থানাধীন জিন্নাতপুর টু মাখালডাঙ্গা মাঠের মধ্যে খোদাবক্সের জমির সামনে পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। এ অভিযানে তার কাছ থেকে ৪ হাজার পিচ ট্যাপেনডল ট্যাবলেট উদ্ধার করে।

এ ঘটনায় মনিরের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে চুয়াডাঙ্গা সদর থানায় মামলা হয়েছে। আজ মনিরকে মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

দর্শনায় ৬ হাজার পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ২

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৬ হাজার পিচ নেশাজাতদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই জনকে গ্রেফতার করেছে।

জানাযায় আজ শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহার নেতৃত্বে অভিযান চালায় পরানপুর গ্রামের কফি

হাউজ এন্ড ফাস্টফুড দোকানের সামনে।

এ সময় দর্শনা থানার এসআই নীতিশ বিশ্বাস গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ একটি মটরসাইকেল কে ধাওয়া করে ধাওয়া করে দর্শনা সিএ্যান্ডবিপাড়ার লালু মুন্সির ছেলে পারভেজ (২০) ও দক্ষিণ চাঁদপুর হল্ট ষ্টেশন পাড়ার আব্দুল খালেকের ছেলে সাব্বির ইসলামকে
(১৯) গ্রেফতার করে।

পরে তাদের স্বীকারোক্তিতে মটরসাইকেলে অভিনব কায়দায় লুকানো মটরসাইকেলের সিটের নিচে লুকানো ৬ হাজার পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ তাদেরকে গ্রেফতার করে। ছয় হাজার পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটের বাজার মূল্য ৩ লক্ষ টাকা।

আজ তাদের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক -১

আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ নাঈম ইসলাম (২৫) নামের এক যুবকে আটক করেছে।

গতকাল শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলার বাড়াদি পূূর্বপাড়ার স্কুলের সামনে থেকে তাকে আটক ও ট্যাপেন্টা উদ্ধার করে পুলিশ।

আটক নাঈম ইসলাম বাড়াদি ব্রীজপাড়ার সালাউদ্দিন আহমেদের ছেলে।

পুলিশ সুত্রে জানা গেছে,আলমডাঙ্গার বাড়াদি পূর্বপাড়ার স্কুলের সামনে ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি হচ্ছে বলে পুলিশের কাছে সংবাদ আসে। সংবাদের ভিত্তিতে থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথের নির্দেশে এসআই (নিঃ) আশিকুল হক, এএসআই (নিঃ) রওশন আলী সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানবালে নাঈম ইসলামকে আটক করে পুলিশ।

এ সময় তার কাছ থেকে অবৈধ মাদকদ্রব্য ৫০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

দর্শনায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ একজন আটক

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১শ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দর্শনা আশরাফুল ইসলাম ওরফে ডার্বিকে আটক করেছে।

গ্রেফতারকৃত আশরাফুল ইসলাম ডার্বি চুয়াডাঙ্গা সদর থানার দৌলৎদিয়াড়ের খোকন আলীর ছেলে।

পুলিশ জানায় আজ রোববার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা’র নির্দেশে অভিযান চালায় দর্শনা- জীবননগর পাকা রাস্তার উপর।

এ সময় দর্শনা থানার এসআই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে আশরাফুল ইসলাম ওরফে ডার্বি (২১) কে গ্রেফতার করে। পরে তার দেহ তল্লাশী করে ১ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার করে। এ ঘটনায় পুলিশ বাদি মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গার মুন্সীগঞ্জে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]